

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারী পরিবহণ পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
প্রত্যয়ন শাখা
(www.molwa.gov.bd)

স্মারক নং-৪৮.০০.০০০০.০০২.১২.০৫৯.১৯/২৭৮


তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৬
০৪ ডিসেম্বর ২০১৯

বিষয় : বীর মুক্তিযোদ্ধাদের সর্বনিম্ন বয়স নির্ধারণ সংক্রান্ত মহামান্য হাইকোর্টের রায়ের বিরুদ্ধে লীড টু আপীল দায়ের প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বীর মুক্তিযোদ্ধাদের বয়স নির্ধারণ সংক্রান্ত রিট পিটিশন নং-৭২৫১/২০১৬ সহ অপর ১১টি রিট পিটিশন একত্রে শুনানী শেষে মাননীয় হাইকোর্ট বিভাগ মুক্তিযোদ্ধাদের সর্বনিম্ন বয়স সংক্রান্ত পরিপত্র অকার্যকর ঘোষণা করেন। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে মাননীয় আপীল বিভাগ নিয়মিত সিভিল পিটিশন ফর লীড টু আপীল দায়ের করার নির্দেশনা প্রদান করায় উক্ত রায়ের বিরুদ্ধে লীড টু আপীল নং-৩২১১-৩২২৫/২০১৯ দায়ের করা হয়েছে। এ বিষয়ে মহামান্য হাইকোর্টের প্রদত্ত রায়ের বিষয়ে নির্দেশনা চেয়ে নথি প্রেরণ পূর্বক আইন ও বিচার বিভাগের মতামত চাওয়া হলে আইন ও বিচার মন্ত্রণালয় নিম্নোক্ত মতামত প্রদান করে :

“রিট পিটিশন নং ৭২৫১/২০১৬সহ অপর ১১টি পিটিশন একত্রে শুনানী শেষে মাননীয় হাইকোর্ট বিভাগ মুক্তিযোদ্ধাদের সর্বনিম্ন বয়স সংক্রান্ত পরিপত্র অকার্যকর ঘোষণা করেন। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে দায়েরকৃত সিএমপি নং-৫৪৮-৫৫৫/২০১৯ এ মাননীয় আপীল বিভাগ নিয়মিত সিভিল পিটিশন ফর লীড টু আপীল দায়ের করার নির্দেশনা প্রদান করেছেন। ইতোমধ্যে রিট পিটিশন নং ৭২৫১/২০১৬-এর রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর লীড টু আপীল নং ৩২২২/২০১৯ দায়ের করা হয়েছে। যেহেতু মাননীয় আপীল বিভাগের নির্দেশনা অনুযায়ী সরকার পক্ষে মাননীয় হাইকোর্ট বিভাগের রায়ের বিরুদ্ধে লীড টু আপীল দায়ের করা হয়েছে, সেহেতু বিবেচ্য বিষয়ে আইনী প্রক্রিয়া এখনও চূড়ান্তভাবে সম্পন্ন হয়নি। বর্ণিত কারণে মুক্তিযোদ্ধাদের বয়স সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ সুপ্রীমকোর্টের মাননীয় আপীল বিভাগে দায়েরকৃত সিপিএলটি চূড়ান্তভাবে নিষ্পত্তির পূর্বে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা সমীচীন হবে না”।

২। বর্ণিত অবস্থায়, আইন ও বিচার বিভাগের উপরোক্ত মতামত অনুযায়ী মুক্তিযোদ্ধাদের বয়স নির্ধারণ সংক্রান্ত মহামান্য হাইকোর্টের রায়ের বিরুদ্ধে সিভিল পিটিশন ফর লীড টু আপীল দায়ের হওয়ায় আপীলসমূহ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অর্থাৎ দায়েরকৃত সিপিএল চূড়ান্তভাবে নিষ্পত্তির পূর্বে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা সমীচীন হবে না।


(মোস্তাক আহমেদ)
সহকারী সচিব (প্রত্যয়ন)
ফোন নং-৯৫৭৫৪৭৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ)/ মহা পুলিশ পরিদর্শক,..... বাংলাদেশ সচিবালয়/বাংলাদেশ পুলিশ সদর দপ্তর, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা./-(মন্ত্রণালয়ের অধিনস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর/কার্যালয়/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন), (গেজেট, সনদ ও প্রত্যয়ন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল ব্যাগিজিক, এলাকা, ঢাকা।
৫. মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, ফ্লাউট ভবন, কাকরাইল, ঢাকা।
৬. বিভাগীয় কমিশনার(সকল) -(সংশ্লিষ্টদপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৭. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. উপসচিব (প্রশাসন-১, ২/বাজেট/সনদ/গেজেট/ প্রত্যয়ন/), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৯. উপসচিব (আইসিটিসেল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের website এ প্রকাশ করার অনুরোধসহ)।
১০. জেলা প্রশাসক(সকল)-(সংশ্লিষ্টদপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
১২. অফিস কপি।

letter/latif.2018